

## বিসিএসআইআর-এর উত্তম চর্চার তালিকা

### ১) চলমান গবেষণা প্রকল্পের উপর উপস্থাপনা প্রদান সংক্রান্ত সেমিনার আয়োজন:

বিসিএসআইআর - এর চলমান গবেষণা ও উন্নয়ন (R&D) প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য নিয়মিতভাবে প্রকল্প প্রধানগণ কর্তৃক পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপনা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এর ফলে বিজ্ঞানীগণ একজন আরেকজনের গবেষণা সম্পর্কে জানতে পারছেন, নতুন নতুন আইডিয়া সৃষ্টিসহ সংশ্লিষ্ট বিজ্ঞানীদের কাজের গতিশীলতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাচ্ছে।



ছবি: চলমান গবেষণা প্রকল্পের উপর উপস্থাপনা প্রদান

### ২) স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় সভা আয়োজন:

বিসিএসআইআর -এর সেবাগ্রহীতা বা স্টেকহোল্ডারদের সাথে নিয়মিতভাবে মতবিনিময় সভা আয়োজন করা হয়ে থাকে। প্রত্যেকটি গবেষণাগার তাদের সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে বিদ্যমান সেবার মনোময় বিষয়ে আলোচনা করেন। এর ফলে স্টেকহোল্ডারদের সাথে আন্তরিকতা বৃদ্ধি পায় এবং সেবার মনোময় সহজ হয়।



ছবি: স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় সভা

### ৩) অগ্নি দুর্ঘটনা প্রতিরোধে ও গবেষণাগার ব্যবহারে সচেতনতামূলক প্রশিক্ষণের আয়োজন:

বিসিএসআইআর একটি গবেষণাধর্মী প্রতিষ্ঠান। প্রত্যেকটি গবেষণাগারে অত্যন্ত মূল্যবান ও অত্যাধুনিক যন্ত্রপাতি এবং নানা ধরনের রাসায়নিক দ্রব্যাদি রয়েছে। এই সকল রাসায়নিক দ্রব্যাদি ও যন্ত্রপাতি ব্যবহার সংক্রান্ত সচেতনতামূলক প্রশিক্ষণ নিয়মিতভাবে আয়োজন করা হয়ে থাকে। এর ফলে গবেষণাগারে দুর্ঘটনা হ্রাস পেয়েছে। এছাড়া অগ্নি দুর্ঘটনা প্রতিরোধেও নিয়মিতভাবে ফায়ার সার্ভিসের সহযোগীতার ব্যবহারিক প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে। এই সকল দুর্ঘটনা সম্পর্কে ধারণা থাকার ফলে জনসচেতনতা বৃদ্ধি পাচ্ছে এবং জরুরী অবস্থায় করণীয় সম্পর্কে সকলে অবগত হচ্ছে।

স্বাক্ষর

স্বাক্ষর

৪) বিসিএসআইআর-এর আঞ্চলিক গবেষণাগারে (বিসিএসআইআর গবেষণাগার চট্টগ্রাম ও রাজশাহী) ইনোভেশন গ্যালারী স্থাপন:


বিসিএসআইআর-তে কেন্দ্রীয়ভাবে একটি দৃষ্টিনন্দন ইনোভেশন গ্যালারী স্থাপন করা হয়েছে। সেই সাথে আঞ্চলিক অফিস বিসিএসআইআর গবেষণাগার চট্টগ্রাম ও রাজশাহীতেও ইনোভেশন গ্যালারী স্থাপন করা হয়েছে। যার ফলে বিসিএসআইআর-এর স্টেকহোল্ডার গন, লীজিরা এবং দর্শনার্থীরা এক জায়গা থেকেই বিসিএসআইআর উল্লখযোগ্য অর্জনসহ সেবার তালিকা, উদ্ভাবিত পন্য ও প্রসেস সম্পর্কে বিস্তারিত জানতে পারে। সেইসাথে বিসিএসআইআর-এর কার্যাবলী সম্পর্কে জনগন অবহিত হচ্ছে এবং প্রদত্ত সেবা সম্পর্কে জানতে পারছে।



ছবি: ইনোভেশন গ্যালারী, (বিসিএসআইআর গবেষণাগার চট্টগ্রাম)

৫) বিসিএসআইআর-এর সেবাগ্রহীতা ও দর্শনার্থীদের সুবিধার্থে সকল গবেষণাগার / ইউনিটে নির্দেশিকা ফলক স্থাপন:

বিসিএসআইআর-এর পরিষদ সচিবালয় সহ সকল গবেষণাগার / ইউনিটের ল্যাভ ও কক্ষ বিন্যাস প্রদর্শনের জন্য নির্দেশিকা ফলক স্থাপন করা হয়েছে। এর ফলে সেবাগ্রহীতা ও দর্শনার্থীদের সহজে চাহিত জায়গাটি খুঁজে পাওয়া সহজ হয়েছে, স্বল্প সময়ে সেবাদান সম্ভব হচ্ছে এবং ভোগান্তি হ্রাস পেয়েছে।



ছবি:পরিষদ সচিবালয়সহ গবেষণাগার / ইউনিটে নির্দেশিকা ফলক স্থাপন

*Handwritten signature/initials.*

*Handwritten signature/initials.*

৬) দুর্নীতি প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দুর্নীতিবিরোধী গ্লোগান সম্বলিত ফেষ্টুন ও দেয়াল নির্দেশিকা স্থাপন:

পরিষদ সচিবালয়সহ সকল গবেষণাগারের দুর্নীতি বিরোধী গ্লোগান সম্বলিত ফেষ্টুন ও দেয়াল নির্দেশিকা লাগানো হয়েছে। এর ফলে দুর্নীতি প্রতিরোধ ও জনসচেতনতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করছে।



ছবি: দুর্নীতি বিরোধী গ্লোগান সম্বলিত ফেষ্টুন ও দেয়াল নির্দেশিকা

৭) পেনশন পুনঃস্থাপন মঞ্জুরী: বিসিএসআইআর এর শতভাগ পেনশন সমর্পনকারী পেনশনারগণের অবসর গ্রহণের তারিখ হতে ১৫ বছর সময় অতিক্রান্ত হওয়ার পর তাদের মাসিক পেনশন পুনঃস্থাপন সংক্রান্ত সরকারী সিদ্ধান্ত দ্রুততার সাথে বাস্তবায়ন করা হয়েছে। এর ফলে অবসর প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিতকরণ সহজতর হয়েছে।



ছবি: শতভাগ পেনশন সমর্পনকারী পেনশনারগণের পেনশন পুনঃস্থাপন মঞ্জুরী চেকপ্রদান অনুষ্ঠান

৮) সুসজ্জিত ও দৃষ্টিনন্দন অফিস প্রাজ্ঞান তৈরি:

অফিস প্রাজ্ঞান নিয়মিতভাবে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হং এবং প্রত্যেকটি শাখা পরিষ্কার পরিচ্ছন্ন ও ফাইল পত্র সুসজ্জিত ও যথাযথভাবে আলমারিতে লেবেলিং করে রাখা হয় এবং রেজিষ্টার সংরক্ষণ করা হয়ে থাকে। এর ফলে অফিসে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কাজের স্পৃহা বৃদ্ধি পায় এবং দর্শনার্থী ও সেবা প্রত্যাশীদের ও অফিস সম্পর্কে একটি ইতিবাচিক মনোভাব সৃষ্টি হয়।

মোহাঃ সুলতানা পারভীন  
নির্বাহী কর্মকর্তা  
সংস্থাপনা-৪ শাখা  
বিসিএসআইআর, ঢাকা

মোঃ খলিলুর রহমান  
সচিব (যুগ্ম সচিব)  
বিসিএসআইআর, ঢাকা।